



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
(প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা)

সার্কুলার লেটার নং-ডিএমডি-০৩/২০১৫

তারিখ: ০৮-০৭-২০১৫ইং

নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক

মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বগুড়া/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সদরঘাট, ঢাকা।

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশের সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডসহ ৩টি বন্ডের উপর উৎসে আয়কর প্রত্যাহার প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার ০২ জুলাই, ২০১৫ তারিখের পত্র নং ০৮.০৪.০০০০.০১২.২২.০৪৩.০০৬.১৪.১৪৮৪ এবং জাতীয় রাজস্ব বোর্ডের ৩০ জুন, ২০১৫ তারিখের পত্র নং ০৮.০১.০০০০.০৩০.০৩.০০৯.১৫/৫৩ এর সূত্রে অবহিত করা যাচ্ছে যে,

১. বাজেট কার্যক্রম ২০১৫ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২D ধারা সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুসারে বিদ্যমান ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউ.এস.ডলার ইনভেস্টমেন্ট বন্ড-এই ৩(তিন)টি বন্ডের যে কোন পরিমাণ বিনিয়োগের বিপরীতে অর্জিত সুদ-এর উপর উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।
২. উপরি-উল্লিখিত বিধান ০১-০৭-২০১৫ খ্রিঃ থেকে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(বিষ্ণু পদ সাহা)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৩১

ইমেইল: bishnu.saha@bb.org.bd